

আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধানের সাথে ভার্চুয়াল সভায় মিলিত হওয়ার সম্মান লাভ করলো alislam.org-এর টিম



হযরত মির্যা মসরুর আহমদ (আই.) আশা প্রকাশ করলেন যে, নবরূপে আসন্ন পবিত্র কুরআন ওয়েবসাইট বিশ্বজুড়ে মানুষের জন্য জ্ঞান ও জ্যোতির এক উৎস সাব্যস্ত হবে

২১ নভেম্বর ২০২০ আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান ও পঞ্চম খলীফাতুল মসীহ হযরত মির্যা মসরুর আহমদ (আই.)-এর সাথে এক ভার্চুয়াল (অনলাইন) আনুষ্ঠানিক সভায় মিলিত হওয়ার সুযোগ লাভ করলো আহমদীয়া মুসলিম জামা'তের অফিশিয়াল ওয়েবসাইট alislam.org-এর কর্মীবাহিনীর সদস্যবৃন্দ।

হযরত আকদাস যুক্তরাজ্যের টিলফোর্ডের ইসলামাবাদে তাঁর কার্যালয় থেকে সভার সভাপতিত্ব করেন, আর আলইসলাম-এর দলটি আহমদীয়া মুসলিম জামা'ত যুক্তরাজ্যের জাতীয় সদর দপ্তর সিলভার স্প্রিং, মেরিল্যান্ডের বায়তুর রহমান মসজিদ থেকে যোগদান করেন।

পঞ্চাশ মিনিটের এ সভায় আলইসলাম-এর টিম পবিত্র কুরআন সংক্রান্ত নতুন একটি প্রকল্প এবং বিদ্যমান আলইসলাম ওয়েবসাইটের উন্নয়ন সম্পর্কে কয়েকটি উপস্থাপনা পেশ করে হযরত আকদাসের পরামর্শ ও দিকনির্দেশনা লাভের সুযোগ লাভ করে।





আলইসলাম টীম একটি নতুন ওয়েবসাইট এবং পবিত্র কুরআন-এর জন্য নিবেদিত একটি সার্চ ইঞ্জিন-এর একটি পরীক্ষামূলক সংস্করণ হুযূর আকদাসকে প্রদর্শনের সুযোগ লাভ করে, যা অদূর ভবিষ্যতে উদ্বোধন হতে চলেছে। নতুন ওয়েবসাইটটির উদ্দেশ্য পবিত্র কুরআন পাঠ এবং চর্চাকে বিশ্বজুড়ে মানুষের জন্য সহজে হাতের নাগালের মধ্যে এনে দেওয়া।

হুযূর আকদাস নির্দেশনা প্রদান করেন যে, প্রচেষ্টা এটাই করতে হবে যেন পবিত্র কুরআন ওয়েবসাইট এবং সার্চ ইঞ্জিনটি যেন কেবলমাত্র আহমদীদের জন্য নয়, বরং বিশ্বজুড়ে অপরাপর মুসলমান এবং অমুসলিমদের জন্যও এক মহামূল্য সম্ভার এবং জ্ঞান ও জ্যোতির এক উৎস সাব্যস্ত হয়।

উপরন্তু, আলইসলাম ওয়েব সাইটের বিভিন্ন সাম্প্রতিকতম সংযোজন উপস্থাপন করা হয়, যার মধ্যে ছিল মহানবী (সা.)-এর সাহাবাদের নিয়ে একটি নতুন বিভাগ।



সভার সমাপ্তিতে, হুযূর আকদাস আলইসলাম টিমের সকল সদস্যের প্রয়াসের প্রশংসা করেন এবং তাদের ভবিষ্যৎ সাফল্যের জন্য দোয়া করেন।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“আল্লাহ তা’লা আপনাদের কল্যাণমণ্ডিত করুন এবং আপনাদের জ্ঞানে ও প্রজ্ঞায় অগ্রসর করুন। আমিন।”